দৈনিক বাংলা

তারিখ 0 9 SEP 1989

পৃষ্ঠা ২ কলাম ৬

শেখ শহীদ

# নিরক্ষরতা দূর করতে সমন্বিত কর্মসূচী চাই

॥ স্টাফ রিপোর্টার ॥

গতকাল সারাদেশে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়েছে। সাক্ষরতা মিছিল, আলোচনা সভা ও সেমিনার অনুষ্ঠানের মাধ্যমে বিভিন্ন সংগঠন দিবসটি পালন করে।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## কর্মসূচী চাই

(প্রথম পৃঃ পর)

এ উপলক্ষে ইন্টার ন্যাশনাল টাস্ক ফোর্স অন লেটারেসী বাংলাদেশের উদ্যোগে সকালে ধানমন্ডি মাঠ থেকে জাতীয় প্রেসক্লাব পর্যন্ত একটি সাক্ষরতা মিছিল বের করা হয়।

সকাল দশটায় ঢাকা আহছানিয়া মিশন মিলনায়তনে এ উপলক্ষে আয়োজিত এক সেমিনারে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সাক্ষরজ্ঞান অভিযানে শিক্ষিত জনগোষ্ঠীর মানসিকতার পরিবর্তনের আহবান জানিয়েছেন। তিনি বলেন, নিরক্ষর লোককে সচেতন করার আগে শিক্ষিত মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে হবে।

জনাব ফেরদৌস খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভায় শিক্ষা সচিব জনাব হেদায়েত আহমদ বক্তব্য রাখেন। সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন ডঃ খান মোহাম্মদ সিরাজুল ইসলাম।

প্রধান অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী সেমিনারে নিরক্ষতা দূরীকরণের কর্মসূচীকে সফল করার লক্ষ্যে সমন্বিত কর্মসূচীর উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, নিরক্ষরতা দূরীকরণ—একটা ব্যাপক কর্মসূচী। এ কর্মসূচী বাস্তবায়নে—শুধু একক কোন সংগঠনের পক্ষে সম্ভব নয়। সমন্বিতভাবে কর্মসূচী বাস্তবায়নে এগিয়ে আসলে কাংক্ষিত সুফল দ্রুত পাওয়া সম্ভব হবে।

শেখ শহীদ নিরক্ষতা দূরীকরণে সরকারী কার্যক্রমের পাশাপাশি বেসরকারী উদ্যোগকে বিশেষভাবে উৎসাহিত করেন।

বিকালে আহছানিয়া মিশন মিলনায়তনে সাক্ষরতা কার্যক্রমে মহিলাদের ভূমিকা শীর্ষক অপর একটি সেমিনার অনুষ্ঠিত হয়। মহিলা পরিদফতরের পরিচালক মিসেস গুল আফরোজ মাহবুব সেমিনারে প্রধান অতিথি ছিলেন। অধ্যাপিকা হুসনাবানু খানম অনুষ্ঠানে সভানেত্রীত্ব করেন।

গতকাল বিকালে মতিঝিল নৈশ বিদ্যালয়ে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে স্থানীয় অভিভাবক ও বিদ্যালয়ের শিক্ষকদের যৌথ উদ্যোগে এক আলোচনা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মেসবাহউদ্দিন সাবু।

### নিরক্ষরতা একটি কলঙ্ক

পূর্তমন্ত্রী জনাব মোস্তফা জামাল হায়দার বলেন নিরক্ষরতা বিকাশশীল জাতির জন্য এক বিরাট কলঙ্ক।

তিনি গতকাল ধানমন্ডিতে জাতিসংঘ তথ্য কেন্দ্রে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস '৮৯ উপলক্ষে বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব এসোসিয়েশন আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণ দানকালে একথা বলেন। খবর তথ্য বিবরণীর।

জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব সাইফুল বারী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন।

সংগঠনের সভাপতি মীর রমজান আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মহাসচিব মাহবুবউদ্দীন চৌধুরী বিশিষ্ট সাংবাদিক ইকবাল সোবহান চৌধুরী [illegible] নেতা এডভোকেট রিজাউর রহমান এবং বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব জনাব আবদুস সেলিম।

পূর্তমন্ত্রী পরে গণশিক্ষা সম্প্রসারণে তরুণ সমাজের ভূমিকা শীর্ষক এক প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।